আজকের কাগজ

তারিখ 05 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 8

১৩৩

17

# শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূলে ছাত্র সমাজকে সংগ্রাম করে যেতে হবে
## —প্রধানমন্ত্রী

### চাকসু ভিপি'র নেতৃত্বে ৩শ'রও বেশি ছাত্র নেতা কর্মীর ছাত্রদলে যোগদান

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গণতন্ত্র প্রতিষ্ঠায় [illegible] স্বৈরশাসকের বিরুদ্ধে [illegible] বছর যেভাবে সংগ্রাম করেছে ঠিক তেমনিভাবে শিক্ষাঙ্গনে সন্ত্রাসের বিরুদ্ধেও সংগ্রাম করে যাওয়ার জন্যে ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, আমরা যদি সন্ত্রাসবাদের মূল উৎপাটন করতে না পারি তাহলে যে কোনো উন্নয়ন কর্মকাণ্ড আমরা সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে পারবো না।



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল সুগন্ধায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের ৩শ'-এর অধিক ছাত্রনেতা ও কর্মী বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদান অনুষ্ঠানে ভাষণ দেন

চাকসু ভিপি নাজিমুদ্দিনের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের তিন শতাধিক নেতা ও কর্মীর জাতীয়তাবাদী ছাত্র দলে যোগদান উপলক্ষে গতকাল সন্ধ্যায় সুগন্ধায় প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি তাদের উদ্দেশে একথা বলেন। বেগম জিয়া বলেন, জাতিকে অগ্রগতির দিকে নিয়ে যাওয়ার লক্ষ্যে আমরা বেকার সমস্যা সমাধান ও নিরক্ষরতা দূর করার কর্মসূচি হাতে নিয়েছি। চাকসু ভিপি পুরোনো দল ত্যাগ করে ছাত্রদলে যোগদানের যুক্তি তুলে ধরে বলেন, তার পুরনো দল গণতন্ত্র প্রক্রিয়ায় অভ্যস্ত নয়। গত ২৪ মে সন্ত্রাসের বিরুদ্ধে আয়োজিত ডাকসু কনভেনশনে বক্তৃতা দেয়ায় তাকে দল থেকে বহিষ্কার করা হয়েছিল। সাম্প্রদায়িক রাজনীতির কথা উল্লেখ করে বেগম জিয়া বলেন, তার দল মৌলবাদী রাজনীতিতে বিশ্বাসী নয়। তিনি বলেন, বিএনপি সকল সম্প্রদায়ের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় রাখতে বদ্ধপরিকর। বেগম জিয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের দাবির জবাবে বলেন, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রীদের জন্য [illegible] একটি আবাসিক হল নির্মাণ করা হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার, পরিবেশ, বন, পশু ও মৎস্য সম্পদ মন্ত্রী আব্দুল্লা-আল-নোমান, যোগাযোগ মন্ত্রী অলী আহমেদ, পরিকল্পনা মন্ত্রী জহিরুদ্দিন খান, তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মীর নাসিরুদ্দিন হোসাইন, ডাকসু ভিপি আমান উল্লাহ আমান ও জিএস খাইরুল কবির খোকন, এজিএস নাজিমুদ্দিন আলম, জাতীয়তাবাদী ছাত্রদলের জিএস ইলিয়াস আলী এবং চাকসু ও চট্টগ্রামের ছাত্রদলের অন্যান্য নেতারা বক্তৃতা করে। খবর বাসস ও ইউএনবি।